

মেডিকলে ভর্তি পরীক্ষা বাতিলের দাবি টিআইবির

মেডিকলে ভর্তি পরীক্ষা ও প্রকাশিত ফল বাতিলের আহ্বান জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। একই সঙ্গে সংস্থাটি নিরপেক্ষ উদ্বৃত্তের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান এবং সৃষ্ট ও স্বচ্ছতার সঙ্গে পুনরায় ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি জানিয়েছে। গতকাল সোমবার টিআইবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়।

টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার আগের রাতে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের তথ্য বিভিন্ন জাতীয় দৈনিকে প্রমাণসহ প্রকাশিত হয়েছে। এর পরও তড়িঘড়ি করে পরীক্ষা নেওয়া, ফল প্রকাশ এবং প্রশ্নপত্র ফাঁসে জড়িতদের র্যাবের হাতে গ্রেফতার হওয়া সত্ত্বেও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক পরীক্ষা সৃষ্ট ও স্বচ্ছভাবে সম্পন্ন হওয়ার যে দাবি করেছেন, তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।